দৈনিক ইনকিলাব

MAR. 22 2002

তারিখ ...

পৃষ্ঠা ... ৪ ...

# ছাতক ডিগ্রী কলেজে ছাত্র সংঘর্ষে ২ আহত

**সিলেট অফিস ঃ** ছাতক ডিগ্রী কলেজে পূর্ব ঘটনার জের ধরে জাতীয় ছাত্রসমাজ ও ছাত্রলীগের কর্মীদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। গতকাল (বৃহস্পতিবার) দু'টি সংগঠনের কয়েকজন কর্মীর মধ্যে প্রথমে কলেজ ক্যাম্পাসে কথা কাটাকাটি ও পরে বাসস্ট্যান্ড সড়কে বিক্ষিপ্ত সংঘর্ষে উভয়পক্ষে ২ জন আহত হন। ছুরিকাঘাতে আহত ছাত্রসমাজ নেতা মিছাককে উন্নত চিকিৎসার জন্য ছাতক হাসপাতাল থেকে সিলেট ওসমানী হাসপাতালে ভর্তি করা হয়েছে। ছাতক সংবাদদাতা জানান, গতকাল দুপুরে কলেজে ছাত্রলীগ নেতা মহিউদ্দিন আপনের সাথে জাতীয় ছাত্রসমাজ নেতা ফয়ছল, মিছাক, শুয়েদ, আবু সায়েদ, সাদিক আনোয়ার ও ধিরাজ পূর্বে ছাত্র ভর্তির ঘটনার জের ধরে কথা কাটাকাটিতে লিপ্ত হয় এবং পরে তা শেষ হয়ে যায়। বেলা ২টার দিকে কোর্ট সড়কে ছাত্রলীগ নেতা আপন বাড়ী যাবার পথে প্রতিপক্ষের হামলার শিকার হলে আশপাশের ব্যবসায়ীরা তা নিষ্পত্তি করে দেন। বিকেলে আপন ও তার ভাই বাসস্ট্যান্ডে এলে পুনরায় প্রতিপক্ষের সাথে ঝগড়া শুরু হয়। এ অবস্থায় ছাত্রসমাজের নেতা মিছাক ছুরিকাঘাতে আহত হয়।